

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২২৩

আগরতলা, ২৩ এপ্রিল, ২০২৬

**পদ্ম পুরস্কারের জন্য আবেদনপত্র আহ্বান**

ভারত সরকারের সর্বোচ্চ অসামরিক পুরস্কার পদ্ম পুরস্কারের জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছে। উল্লেখ্য, ১৯৫৪ সাল থেকে চিত্রকলা, শিক্ষা ও সাহিত্য, খেলাধুলা, চিকিৎসা, সমাজসেবা, বিজ্ঞান এবং কারিগরি, ব্যবসা-বাণিজ্য, শিল্প প্রভৃতি ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কার হিসেবে পদ্ম পুরস্কার দেওয়া হয়। এর মধ্যে রয়েছে পদ্ম বিভূষণ, পদ্ম ভূষণ এবং পদ্মশ্রী।

২০২৭ সালে প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে ভারত সরকারের পদ্ম পুরস্কার পাওয়ার জন্য অনলাইনে আবেদন করতে হবে। পদ্ম পুরস্কারের জন্য সুপারিশ বা আবেদন রাষ্ট্রীয় পুরস্কার <https://awards.gov.in> এই পোর্টালের মাধ্যমেই অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইনে আবেদন করার জন্য নির্ধারিত আবেদনপত্র এবং বিস্তারিত তথ্য এই পোর্টালে পাওয়া যাবে। আগামী ৩১ জুলাই, ২০২৬ এর মধ্যে অনলাইনে পাঠানো আবেদন বা সুপারিশগুলিই গ্রহণ করা হবে। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন (রাজনৈতিক) দপ্তরের পক্ষ থেকে এই তথ্য জানানো হয়েছে।

\*\*\*\*\*